দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 NOV 1994 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪......

ধারাবাহিক ■ ৭

# বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ॥ বাস্তবায়নের অন্তরায়

তাই সর্বজনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নের প্রকৃত বাস্তবায়ন কর্মকর্তা, জেলা ও থানা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণের বেতনক্রমকে সমপর্যায়ের অন্যান্য বিভাগের কর্মকর্তাগণের বেতনক্রমের সমমানে উন্নীত করা সবর্জনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার সফল বাস্তবায়নের স্বার্থে খুবই জরুরী ও অপরিহার্য বলে মনে করি।

পরিকল্পিত, নিবিড় ও ফলপ্রসূ পরিদর্শন ও তত্ত্বাবধানের অভাবে সর্বজনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নের পথে আরও এক বড় বাধা হয়ে আছে।

কোন প্রকল্প, প্রতিষ্ঠান, কার্যালয় বা বিভাগের সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনাকে সক্রিয় ও গতিশীল করার জন্য পরিদর্শন ও তত্ত্বাবধানের কোন বিকল্প নেই। অথচ প্রথম সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নে পরিদর্শন ও তত্ত্বাবধানের গুরুত্বকে সম্পূর্ণ উপেক্ষা করায় সমগ্র প্রাথমিক শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনায় অব্যবস্থা ও গতিহীনতা দেখা দেয়। প্রকল্পের মনিটরিং ও মূল্যায়নের অভাবে প্রকল্পের সাফল্য অর্জন বা সাফল্যের মাত্রা নির্ধারণ কোনটাই সম্ভব হয়নি। ফলে সম্পূর্ণ প্রকল্পটি ব্যর্থতায় পর্যবসিত হয়। আবার দ্বিতীয় প্রকল্পে পরিদর্শন ও তত্ত্বাবধানের গুরুত্ব প্রদান করার ফলে দ্বিতীয় প্রকল্পটি নির্ধারিত সময়ের পূর্বেই লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়। সুতরাং সর্বজনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে পরিকল্পিত উপায়ে সর্বস্তরে পরিদর্শন কার্যক্রমকে সুসংগঠিত ও জোরদার করা অপরিহার্য শর্ত বলে মনে করি।